

**সিলেটে শিক্ষামন্ত্রী নাসিহদ
৫০ ভাগ শিক্ষার্থীকে কারিগরী
শিক্ষায় শিক্ষিত করতে
সিলেট ও বরিশালে দুটি
মহিলা পলিটেকনিক হচ্ছে**

সিলেট অফিস : শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাসিহদ বলেছেন, দেশের ৫০ ভাগ শিক্ষার্থীকে কারিগরী শিক্ষায় শিক্ষিত করে তোলা প্রয়োজন। আর এ সংখ্যা ৮০ ভাগে উন্নীত করা গেলে দেশের উন্নয়ন নিশ্চিত হবে। তিনি বলেন, দক্ষ জনবল সৃষ্টি হলে শুধু দক্ষ পুরুষ নয়, নর-নারী মিলিয়ে দক্ষ মানুষ গড়ে তুলতে হবে।

ঢাকাতে, যাতে কারিগরী শিক্ষাবোর্ডের অধীনে ছিল ডেভেলপমেন্ট প্রজেক্ট 'সিলেট বিভাগের দক্ষ জনশক্তির চাহিদা ও কর্মসংস্থান' বিষয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী দেশে ৪টি মহিলা পলিটেকনিক রয়েছে উল্লেখ করে বলেন, এ সংখ্যা অতিরিক্ত, আরো দুটি বাড়িয়ে ৬টি করা হচ্ছে। এর একটি সিলেটে হবে আর অন্যটি বরিশালে।

সদরীর হোটেল রোডভিডিতে শিক্ষামন্ত্রণালয়ের সচিব কামাল আবদুল নাসের চৌধুরীর সভাপনত্বের মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাসহ এবং সিলেটের শিক্ষাবিদ জনশ্রুতিনিবিসহ বিশিষ্টজনরা উপস্থিত ছিলেন।

তিনি একটি পরিসংখ্যান তুলে ধরে বলেন, দেশে গার্মেন্টস সেটরে দক্ষ লোক না থাকায় বিদেশের ১৯ হাজার লোক এই সেটরে কাজ করেন। একদম দেশে কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষায় জোর দেয়া প্রয়োজন। দেশে সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে আসে আসন ছিল ১২ হাজার এখন সেটি বিতরণ করে ২৫ হাজার করা হয়েছে। একই সঙ্গে ডাকল শিফট চালু করা হয়েছে।

মতবিনিময় সভায় বক্তব্য বলেন, সিলেটে সফটওয়্যার শিল্প গড়ে তুলতে বাদশালোকের মতো সফটওয়্যার জিলায় গড়ে তোলা সম্ভব। ফলমূল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে বিদেশে রপ্তানি করে রফতানি আয় এবং দক্ষ লোকের কর্মসংস্থান হতে পারে। চা-বাগানকেন্দ্রিক প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে চা-বাগান থেকে একটি দক্ষ জনশক্তি বের করে আনা সম্ভব।